

রেজিস্টার্ড নং ডি এ-১



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১৫, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

অধিশাখা-৬

প্রজ্ঞাপন

তারিখ, ২৯ চৈত্র ১৪১৩/১২ এপ্রিল ২০০৭

এস, আর, ও নং ১১-আইন/শ্রকম/শা-৬/২০০৭।—যেহেতু দেশে বিদ্যুৎ সাপ্তাহ ও ঘাটাতি পূরণ এবং জনসাধারণের দুর্ভেগ লাঘবের উদ্দেশ্যে সাঙ্ক্যকালীন বিদ্যুৎ ব্যবহার সীমিত করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু, বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১১৪ এর উপধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার সকল দোকান-পাট, মার্কেট, শপিংমল, বিপণী বিতানসহ অন্যান্য বাণিজ্যিক প্রতিষ্ঠান বন্ধ করিবার সময়, পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত, সন্ধ্যা ৭.০০ ঘটিকা নির্ধারণ করিলঃ

তবে শর্ত থাকে যে, নিম্নলিখিত ক্ষেত্রে, এই আদেশ প্রযোজ্য হইবে না, যথা :—

- (ক) ডক, জেটি, স্টেশন অথবা বিমান বন্দর এবং পরিবহন সার্ভিস টার্মিনাল অফিস;
- (খ) প্রধানতঃ মুদি, চাল, ডাল, তরি-তরকারী, মাংস, মাছ, দুষ্ফ জাতীয় সামগ্রী, ঝুঁটি, পেট্রি, মিষ্টি এবং ফুল বিক্রির দোকান;
- (গ) প্রধানতঃ গুৰুত্ব, অপারেশন সরঞ্জাম, ব্যান্ডেজ অথবা চিকিৎসা সংক্রান্ত প্রয়োজনীয় সামগ্রীর দোকান;
- (ঘ) দাফন ও অন্ত্যোষ্ঠিক্রিয়া সম্পাদনের জন্য প্রয়োজনীয় সামগ্রী বিক্রির দোকান;

(৫৩৫৯)

মূল্যঃ টাকা ২.০০

- (ঙ) প্রধানতঃ তামাক, সিগার, সিগারেট, পান-বিড়ি, বরফ, খবরের কাগজ, সাময়িকী বিক্রির দোকান এবং দোকানে বসিয়া খাওয়ার জন্য তরল নাশতা বিক্রির খুচরা দোকান;
- (চ) খুচরা পেট্রোল বিক্রির জন্য পেট্রোল পাম্প এবং মেরামত কারখানা নয় এমন মোটর গাড়ীর সার্ভিস স্টেশন;
- (ছ) নাপিত এবং কেশ প্রসাধনীর দোকান;
- (জ) যে কোন ময়লা নিষ্কাশন অথবা স্বাস্থ্য ব্যবস্থা ;
- (ঝ) যে কোন শিল্প, ব্যবসা বা প্রতিষ্ঠান যাহা জনগণকে শক্তি, আলো অথবা পানি সরবরাহ করে;
- (ঞ) কুব, হোটেল, রেতোরা, খাবার দোকান, সিনেমা অথবা থিয়েটার।

২। এই প্রজ্ঞাপন ২৫শে ফেব্রুয়ারি, ২০০৭ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সুশান্ত কুমার সাহা
উপ-সচিব।

এ, কে, এম রাফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মন্ত্রিত।
মোঃ আখতার হোসেন (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।